# আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৪৪৭

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২২) নামায আদায় করার পর পরবর্তী নামাযের জন্য অপেক্ষা করার প্রতি উদ্বুদ্ধকরণ

الترغيب في انتظار الصلاة بعد الصلاة

---

আরবী

(صحيح لغيره) عن جابر بن عبد الله رَضِيَ اللَّهُ عَنْهُمَا قال: قال رسول الله صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ : أَلَا أَدُلُّكُمْ عَلَى مَا يمحو اللَّهُ بِهِ الْخَطَايَا ويكفر به الذنوب، قَالُوا بَلَى يا رسول الله قَالَ إِسْبَاغُ الْوُضُوءِ عَلَى الْمَكْرُوهَاتِ وَكَثْرَةُ الْخُطَا إِلَى الْمَسَاجِدِ وَانْتِظَارُ الصَّلَاةِ بَعْدَ الصَّلَاةِ فذلكم الرباط.

رواه ابن حبان في صحيحه

বাংলা

৪৪৭. (সহীহ্ লি গাইরিহী) জাবের বিন আবদুল্লাহ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ আমি কি বলে দিব না আল্লাহ তা’আলা কোন্ আমল দ্বারা তোমাদের গুনাহগুলো মিটিয়ে দেন এবং পাপ সমূহ মোচন করে দেন?

তাঁরা বললেনঃ হ্যাঁ, হে আল্লাহর রাসূল!
তিনি বললেনঃ ”কষ্টের সময় পরিপূর্ণরূপে ওযু করা, বেশী বেশী মসজিদে গমণ করা এবং এক নামায শেষ করে আরেক নামাযের অপেক্ষা করা। ইহা তোমাদের জন্যে সীমান্ত পাহারা দেয়ার ছোয়াবের বরাবর।”

(হাদীছটি বর্ণনা করেছেন ইবনে হিব্বান ১০৩৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88226

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন